



سفارة بنغلاديش، مسقط
EMBASSY OF BANGLADESH
Villa No. 4207, Way No. 3052, Shatti Al Qurum
MUSCAT

তারিখ: ২১ নভেম্বর ২০২০

জরুরী বিজ্ঞপ্তি

এতদ্বারা ওমানে বসবাসরত সকল প্রবাসী বাংলাদেশিদের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ৩০ ডিসেম্বর পররাষ্ট্র মন্ত্রণালয় এবং প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় “জাতীয় প্রবাসী দিবস, ২০২০” একযোগে উদযাপন উপলক্ষ্যে একটি স্যুভেনির/স্মরণিকা প্রকাশ করার উদ্যোগ গ্রহণ করেছে। উক্ত স্মরণিকাতে প্রবাস জীবনের মূল্যবান স্মৃতি, ছবি, অর্জন অভিজ্ঞতা ও ঘটনাবলী সন্নিবেশিত হবে।

এমতাবস্থায়, স্যুভেনিরটি সমৃদ্ধ করার লক্ষ্যে প্রবাসী বাংলাদেশ কমিউনিটি এর মধ্যে থেকে বাংলা ও ইংরেজি ভাষায় রচিত অনধিক ১২০০ শব্দের লেখা আহ্বান করা হচ্ছে। উক্ত লেখা নিম্নোক্ত ইমেইলে আগামী ২৮ নভেম্বর ২০২০ তারিখের মধ্যে প্রেরণের জন্য অনুরোধ করা হলো:

shimulsaha30@gmail.com
and
jsenployment@probashi.gov.bd

উপর্যুক্ত বিষয়ে বিস্তারিত তথ্যের জন্য প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত বিজ্ঞপ্তিটি এতদসঙ্গে যুক্ত করা হলো।





“শতবর্ষে জাতির পিতা, সুবর্ণে স্বাধীনতা
অভিবাসনে জানবো মর্যাদা ও নৈতিকতা”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
কর্মসংস্থান শাখা-২
প্রবাসী কল্যাণ ভবন, ইন্সটন গার্ডেন, ঢাকা
www.probashi.gov.bd

নং-৪৯.০০.০০০০.০৪৪.১৮.২১২.২০২৩ - ৩০৬৭

তারিখ: ১৬ নভেম্বর, ২০২৩ খ্রি:

বিষয়: “জাতীয় প্রবাসী দিবস, ২০২৩” উদযাপন উপলক্ষ্যে প্রকাশিতব্য স্যুভেনিরের জন্য লেখা ও ছবি আহ্বান।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, দেশে প্রথম বার আগামী ৩০ ডিসেম্বর ২০২৩ তারিখ “জাতীয় প্রবাসী দিবস, ২০২৩” উদযাপন উপলক্ষ্যে একটি স্যুভেনির/স্মরণিকা প্রকাশ করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

- ২। স্যুভেনিারে প্রকাশের নিমিত্ত (i) অভিবাসনে বাংলাদেশের অর্জন, (ii) অভিবাসনে সুশাসন, (iii) দক্ষতাভিত্তিক অভিবাসন, (iv) Reintegration, (v) Labour Migration and best practices, (vi) রেমিট্যান্স (vii) নারী অভিবাসন ও (viii) নিরাপদ অভিবাসন ইত্যাদি Thematic area- সহ মন্ত্রণালয় সংশ্লিষ্ট গুরুত্বপূর্ণ বিষয়ে নিম্নবর্ণিত বৈশিষ্ট্য অনুযায়ী লেখা আহ্বান করা যাচ্ছে।

বিষয়	অনুসরণীয় বৈশিষ্ট্য
লেখার শব্দ সীমা	সর্বোচ্চ ১২০০ শব্দ
ফন্টের ধরণ	১) বাংলার ক্ষেত্রে Nikosh ২) ইংরেজির ক্ষেত্রে Times New Roman
ফন্ট সাইজ	১২

৩। ছবির মান বজায় রেখে (৫০০০-৩০০০ পিক্সেল ও ৫ এমবি) সংশ্লিষ্ট মন্ত্রণালয়, আওতাধীন দপ্তর/সংস্থা, বিদেশে বাংলাদেশ মিশনের শ্রম উইং সমূহ এবং অন্যান্য অংশীদারগণকে অভিবাসন সংশ্লিষ্ট সাম্প্রতিক ছবি এবং ঐতিহাসিক/দুর্লভ ছবি প্রেরণের জন্য আহ্বান করা যাচ্ছে।

৪। এমতাবস্থায়, উপর্যুক্ত বৈশিষ্ট্য অনুসরণপূর্বক বাংলা অথবা ইংরেজি ভাষায় রচিত লেখা ও ছবি'র সফট কপি ই-মেইলে (shimulsaha30@gmail.com ও jsemployment@probashi.gov.bd) ও হার্ড কপি, অতিরিক্ত সচিব (কর্মসংস্থান অনুবিভাগ) এর নিকট আগামী ২৮ নভেম্বর ২০২৩ তারিখের মধ্যে প্রেরণের জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য, সংশ্লিষ্ট কমিটি কর্তৃক বাছাই প্রক্রিয়ার মাধ্যমে নির্বাচিত লেখা ও ছবি “জাতীয় প্রবাসী দিবস, ২০২৩” এর স্যুভেনিারে প্রকাশের ব্যবস্থা গ্রহণ করা হবে।

(শিমুল কুমার সাহা)
২১/১১/২৩

সিনিয়র সহকারী সচিব

ও

সদস্য সচিব

প্রকাশনা বিষয়ক উপ-কমিটি

ফোন-৪১০৩০২৫২

মোবাইল: ০১৭১০-৪১০২২৪